



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা



১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন
উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি	শেখ রাসেল হাসান জেলা প্রশাসক, সিলেট।
সভার তারিখ	২৮ ফেব্রুয়ারি ২০২৪
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসক, সিলেট এর সম্মেলনকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। অতঃপর ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস- ২০২৪ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের নিমিত্ত জাতীয় কর্মসূচির আলোকে নিম্নবর্ণিত কর্মসূচি/সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

কর্মসূচি:

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
১	১৭ মার্চ ২০২৪ সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি/আধা সরকারি/স্বায়তশাসিত/সকল শিক্ষা প্রতিষ্ঠান/বেসরকারি ভবনসমূহ	স্ব স্ব কর্তৃপক্ষ
২	১৭ মার্চ ২০২৪ সকাল ৯.০০ ঘটিকা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরাল	সংশ্লিষ্ট উপকমিটি
৩	১৭ মার্চ ২০২৪ সকাল ৯.৩০ ঘটিকা	র্যালি	জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ হতে কেন্দ্রীয় শহিদ মিনার হয়ে কবি নজরুল অডিটোরিয়াম, রিকাবীবাজার, সিলেট পর্যন্ত	স্ব স্ব কর্তৃপক্ষ